# ২০২৩

## বাংলা — সাম্মানিক

### পঞ্চম সেমেস্টার

### পত্র : DSE-A-1 and DSE-A-2

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

### পত্র : DSE-A-1

### (বাংলার সমাজ ও সংস্কৃতির ইতিহাস)

### পূর্ণমান - ৬৫

১। (ক) অখণ্ড বাঙালি জাতির নির্মাণে ত্রয়োদশ শতাব্দীর তুর্কি আক্রমণের গুরুত্ব সম্পর্কে আলোকপাত করো। ১০

*অথবা,*

(খ) প্রাচীন বাংলার উল্লেখযোগ্য জনপদগুলির মধ্যে যে-কোনো দুটির পরিচয় দাও। ১০

২। (ক) ঊনবিংশ শতাব্দীতে বাঙালির মুক্তচিন্তায় ও শিক্ষায় ঔপনিবেশিক প্রভাব সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) সমাজ সংস্কারক হিসাবে রাজা রামমোহন রায়ের কৃতিত্বের পরিচয় দাও। ১০

৩। (ক) বাহান্নর ভাষা আন্দোলনের প্রেক্ষাপট বর্ণনা করে এই আন্দোলনের গুরুত্ব ও ফলাফল সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) ১৯৪৭ সালের দেশভাগের নেতিবাচক ও ইতিবাচক দিকগুলি নির্দেশ করো। ১০

৪। (ক) প্রাচীন বাংলার অর্থনীতি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) সাহিত্য ও সংস্কৃতির পৃষ্ঠপোষকরূপে হুসেন শাহের ভূমিকা ব্যাখ্যা করো। ৫

৫। (ক) বাংলার ইতিহাসে 'তত্ত্ববোধিনী সভা'-র গুরুত্ব নির্দেশ করো। ৫

*অথবা,*

(খ) ফকির আন্দোলনের দু-জন নেতার নাম উল্লেখ করে এই আন্দোলনের গতিপ্রকৃতি সম্পর্কে আলোকপাত করো। ২+৩

৬। (ক) নকশাল আন্দোলন বলতে কী বোঝো? এই আন্দোলনের দু'জন নেতার নাম লেখো। ৩+২

*অথবা,*

(খ) স্বাধীনতা পূর্ববর্তী ভারতবর্ষে বাঙালি মুসলমানের স্বতন্ত্র জাতিসত্তা বিকশিত হওয়ার যে-কোনো দুটি কারণ ব্যাখ্যা করো। ৫

৭। ***যে-কোনো একটি*** বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো। ৫×১

(ক) প্রাচীন বঙ্গদেশে বৌদ্ধধর্ম

(খ) স্কুল বুক সোসাইটি

(গ) ১৯০৫-এর বঙ্গভঙ্গ আন্দোলন।

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর লেখো। ১×১৫

(ক) 'রামচরিত' গ্রন্থের রচয়িতা কে?

(খ) শশাঙ্ক কোন ধর্মাবলম্বী ছিলেন?

(গ) 'সোমপুর বিহার' কে প্রতিষ্ঠা করেন?

(ঘ) দ্রাবিড় ভাষা থেকে বাংলা শব্দভাণ্ডারে আসা একটি শব্দের উল্লেখ করো।

(ঙ) 'চৈতন্য মঙ্গল' নামে কে কে চৈতন্য জীবনীগ্রন্থ রচনা করেছিলেন?

(চ) 'তত্ত্ববোধিনী পাঠশালা' কে প্রতিষ্ঠা করেছিলেন?

(ছ) 'জেনারেল অ্যাসেম্বলি ইনস্টিটিউশন' কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয়?

(জ) ছদ্মনামে লেখা বিদ্যাসাগরের একটি রচনার নাম লেখো।

(ঝ) পাদ্রী জেমস লঙ-এর নাম ইতিহাসে স্মরণীয় হয়ে আছে কেন?

(ঞ) 'বেথুন সোসাইটি' কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয়?

(ট) নকশাল আন্দোলনের প্রসঙ্গ আছে এমন একটি বাংলা উপন্যাসের নাম লেখো।

(ঠ) ১৯৫২ সালের ভাষা আন্দোলনের একজন শহিদের নাম লেখো।

(ড) আসামে ভাষা আন্দোলন কবে হয়েছিল?

(ঢ) সাম্প্রদায়িক দাঙ্গার পরিপ্রেক্ষিতে লেখা একটি বাংলা ছোটগল্পের নাম লেখো।

(ণ) গুরুচাঁদ ঠাকুরের পিতার নাম কী ছিল?

## পত্র : DSE-A-2

## (বাংলাদেশের সাহিত্য)

**পূর্ণমান - ৬৫**

১। (ক) "…. এই উপন্যাসে বাংলাদেশের নিম্নশ্রেণীর মুসলমান পরিবারের নিখুঁত চিত্র অঙ্কিত হইয়াছে।" — 'সূর্য দীঘল বাড়ী' উপন্যাসের প্রেক্ষিতে মন্তব্যটি বিশ্লেষণ করো। ১০

*অথবা,*

(খ) 'খোয়াই নদীর বাঁকবদল' গল্পের মুনমিয়া চরিত্রটি ব্যাখ্যা করো। ১০

২। (ক) শহীদ কাদরীর কবিতায় 'প্রিয়তমা'-কে 'অভিবাদন' জানানোর যে-সব ব্যবস্থার কথা বলা হয়েছে, সে সম্পর্কে তোমার মতামত দাও। ১০

*অথবা,*

(খ) 'কবর' নাটকটির নির্মাণে ১৯৫২-এর ভাষা আন্দোলন কীভাবে ছাপ ফেলেছে আলোচনা করো। ১০

৩। (ক) 'বাংলাদেশ : পালিয়ে বেড়ায় দৃষ্টি এড়ায়' হাসান আজিজুল হকের প্রবন্ধটির এই শিরোনাম সম্পর্কে তোমার মতামত দাও। ১০

*অথবা,*

(খ) দ্বিজাতিতত্ত্ব কী? দ্বিজাতিতত্ত্বের 'সত্য' ও 'মিথ্যা' বিশ্লেষণ করো। ১০

৪। (ক) 'সূর্য দীঘল বাড়ি' কেন্দ্রিক কুসংস্কার এই উপন্যাসে কী প্রভাব ফেলেছে তা বুঝিয়ে দাও। ৫

*অথবা,*

(খ) 'যুগলবন্দি' গল্পে আসগর কীভাবে গভীর রাতে কমলালেবু জোগাড় করে তা বিবৃত করো। ৫

৫। (ক) শামসুর রহমান স্বাধীনতাকে কোন্ কোন্ বিষয়ের সঙ্গে তুলনা করেছেন সংক্ষেপে তার উল্লেখ করো। ৫

*অথবা,*

(খ) 'আমরা মরিনি। আমরা মরতে চাইনি। আমরা মরব না'। কারা, কেন একথা বলেছে সপ্রসঙ্গ বুঝিয়ে দাও। ৫

৬। (ক) 'মার্চের স্বপ্ন' বলতে কী বোঝানো হয়েছে? — সংক্ষেপে ব্যাখ্যা করো। ৫

*অথবা,*

(খ) 'দ্বিধামুক্ত অযুত কণ্ঠে', 'পাকিস্তান জিন্দাবাদ' বলার জন্য কী করতে হবে বলে মুহম্মদ শহীদুল্লাহ্ মনে করেন? ৫

৭। (ক) "আবার তারা এগিয়ে চলে"— উদ্ধৃতিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

*অথবা,*

(খ) 'বাতাসে লাসের গন্ধ' কবিতা অনুসরণে রক্তাক্ত জাতির পতাকা কেমন ও কেন? ৫

*অথবা,*

(গ) আনিসুজ্জামান উল্লিখিত 'সাংস্কৃতিক আত্মনিয়ন্ত্রণ'-এর প্রসঙ্গটি বুঝিয়ে দাও। ৫

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও। ১×১৫

(ক) করিমবক্‌স-এর প্রথম স্ত্রী কে?

(খ) ১৯৪৭ সালের ১৫ই আগস্ট, কী বার?

(গ) 'সূর্য দীঘল বাড়ি'-র প্রথম প্রকাশ কোন্ পত্রিকায়?

(ঘ) উকিলবাবুর বউ-এর জন্য জয়গুণ কী নিয়ে যায়?

(ঙ) 'গাঙের ঢেউয়ের মতো' কন্যা কী বলবে?

(চ) "মসজিদ পানে ছুটিলেন মিঞা, মন্দির পানে হিন্দু" কার লেখা?

(ছ) 'রবীন্দ্রশতবার্ষিকী' হয়েছিল কত সালে?

(জ) দ্বিতীয় ছায়ামূর্তির ছেলের নাম কী?

(ঝ) "Idiot! চোখ মেলে পথ চলো না?" বক্তা কে?

(ঞ) পাকিস্তান দিবস কবে?

(ট) মাইকেল মধুসূদনকে পাকিস্তানের মহাকবি বলেছেন কে?

(ঠ) গোপী দত্তের মেয়ের নাম কী?

(ড) ফেকু কার গলা টিপে দেয়?

(ঢ) "একবার ঘুমিয়ে পড়লে ওরা আমাকে আর জাগতে দেবে না।"— বক্তা কে?

(ণ) আড়াই হাজার বছর আগে বুদ্ধের প্রিয় সহচর ছিলেন কে?